সংবাদ

তারিখ ... ... 10 JUN 1997 ...
পৃষ্ঠা ...১... কলাম ...

35

ফলোআপ

# রাঃ বিঃ শিক্ষক বরখাস্ত

রাজশাহী বিশ্ববিদ্যালয়, ৯ই জুন (বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)।– রাজশাহী বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট 'সংবাদ'–এ প্রকাশিত রিপোর্টের পরিপ্রেক্ষিতে হত্যা মামলার ফেরারি আসামি এ কে এম ইকবাল হোসেন মানিককে পপুলেশন সায়েন্স এন্ড হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট বিভাগের শিক্ষক পদ হতে বরখাস্ত করেছে।

১৯৯৪ সালের অক্টোবর মাসে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে নিহত ছাত্রদল নেতা নূরুল হুদা মুসা হত্যা মামলার ফেরারি এক নম্বর আসামি মানিককে প্রভাষক পদে নিয়োগ করা হয়।

গত ৩১শে মার্চ 'সংবাদ'–এ 'চট্টগ্রামে হত্যা মামলার পলাতক আসামি পেলেন রাজশাহী বিশ্ববিদ্যালয়ে শিক্ষকের চাকরি' শীর্ষক শিরোনামে একটি রিপোর্ট প্রকাশিত হয়। এরপর বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ বিষয়টি খতিয়ে দেখতে শুরু করেন। গত ৯ ও ১০ই এপ্রিল (দু'দিনব্যাপী) অনুষ্ঠিত বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট সভায় ইকবালের এডহক

শিক্ষক ঃ পৃঃ ১১ কঃ ৪

## শিক্ষক ঃ বরখাস্ত

( ১ম পৃষ্ঠার পর )

নিয়োগ সাময়িকভাবে স্থগিত করা হয়। অভিযুক্ত ইকবালের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় গত ৭ ও ৮ই জুন দু'দিনব্যাপী অনুষ্ঠিত সিন্ডিকেটের সভায় তাকে চাকরি থেকে বরখাস্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

উপাচার্য প্রফেসর আবদুল খালেকের সভাপতিত্বে অনুষ্ঠিত সিন্ডিকেটের সভায় আগামী ১১ই জুন হতে ডঃ শামসুজ্জোহা হল থেকে পুলিশ প্রত্যাহার করে ছাত্রদের জন্য খুলে দেয়ার সিদ্ধান্ত নেয়া হয়। এছাড়া গত ২৬শে এপ্রিলের সন্ত্রাসী ঘটনায় ক্ষতিগ্রস্ত তিনজন (উপাচার্যসহ) শিক্ষককে প্রয়োজনীয় ক্ষতিপূরণ প্রদানেরও সিদ্ধান্ত গৃহীত হয়েছে। তবে ঐদিনের সন্ত্রাসী ঘটনায় ক্ষতিগ্রস্ত একমাত্র ছাত্র 'সংবাদ'–এর সাংবাদিককে ক্ষতিপূরণ প্রদানের ব্যাপারে কোন সিদ্ধান্ত নেয়া হয়নি বলে জানা গেছে।

সিন্ডিকেটের সভায় সাবেক উপাচার্য কর্তৃক অনিয়মতান্ত্রিকভাবে নিয়োগকৃত মিলিটারি সায়েন্সের চেয়ারম্যান প্রফেসর এস কিউ জি মাহাতাবওয়ালী গুলকে চেয়ারম্যানের পদ হতে অব্যাহতি দেয়া হয়েছে বলেও সিদ্ধান্ত নেয়া হয়। সভায় ২৬শে এপ্রিলের ঘটনায় ক্ষতিগ্রস্ত একজন পুলিশ কর্মকর্তাকে ক্ষতিপূরণ প্রদানের জন্য স্বরাষ্ট্রমন্ত্রী ও পুলিশের উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের পক্ষ থেকে চিঠি প্রদান করারও সিদ্ধান্ত গৃহীত হয়।

### একাডেমিক কাউন্সিলের সভা

বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ আগামী ২২শে জুন একাডেমিক কাউন্সিলের সভা আহ্বান করেছে। সভায় নতুন বিভাগভিত্তিক (অনার্স) ভর্তি পদ্ধতির প্রস্তাব চূড়ান্তভাবে অনুমোদনের জন্য উত্থাপিত হবে বলে বিশ্ববিদ্যালয়ের একটি সূত্র জানায়। যদিও ভর্তি পদ্ধতির বিষয়টি একাডেমিক কাউন্সিলের অনুমোদন বাধ্যতামূলক নয় বলে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সূত্র জানিয়েছে।

### বিশ্ববিদ্যালয়ের ক্লাস শুরু

আগামীকাল থেকে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের দু'মাসব্যাপী গ্রীষ্মকালীন ছুটি শেষ হবে। গত ১৪ই এপ্রিল এই ছুটি শুরু হয়েছিল। আগামী ১১ই জুন থেকে বিশ্ববিদ্যালয়ের ক্লাসসমূহ পুনরায় শুরু হবে।

### রাঃ বিঃ শিক্ষক সমিতি

রাজশাহী বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক এম শহিদুল ইসলাম ও সাধারণ সম্পাদক অধ্যাপক এম আব্বাস আলী আজ এক যুক্ত বিবৃতিতে বিস্ময় প্রকাশ করে বলেছেন, আগামী ১১ই জুন থেকে রাঃবিঃ খুলতে যাচ্ছে। অথচ রাঃবিঃ'র কতিপয় শিক্ষক রা·বি· শিক্ষক সমিতির নামে আগামী ১৯শে জুন পর্যন্ত বিশ্ববিদ্যালয়ে হরতাল ডেকেছে।

### শিবিরের সাধারণ সম্পাদক গ্রেফতার

গতকাল গভীর রাতে রাজশাহী সিটি স্পেশাল ব্রাঞ্চের একজন দক্ষ মাঠকর্মীর গোপন তথ্যের ভিত্তিতে স্পেশাল ব্রাঞ্চের সহকারী কমিশনার সাদেক হোসেনের তাৎক্ষণিক পদক্ষেপ গ্রহণের পরিপ্রেক্ষিতে অবশেষে মতিহার থানা পুলিশ ডজনখানেক হত্যা মামলাসহ অসংখ্য মামলার আসামি ছাত্র শিবিরের ক্যাডার, বিশ্ববিদ্যালয় শাখার সাধারণ সম্পাদক মোঃ মাঈনুল ইসলামকে গ্রেফতার করেছে। বিশ্ববিদ্যালয় সংলগ্ন মির্জাপুর পূর্বপাড়ার তৈয়বুর রহমানের (জামাতী) বাড়ির জানালার গ্রিলবিহীন একটি কক্ষ থেকে শিবির ক্যাডার মাঈনুলকে পুলিশ গ্রেফতার করে।